

পানি ও উদ্ভিদ নমুনা বিশ্লেষণঃ

মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের গবেষণাগুলোতে মাটি ও সার নমুনার পাশাপাশি পানি ও উদ্ভিদ নমুনার রাসায়নিক বিশ্লেষণ করে থাকে। পানির লবণাক্ততা, অম্লত্ব নির্ণয় সহ বিভিন্ন ধরনের রাসায়নিক উপাদানের পরিমাণ নির্ণয় করে থাকে। এছাড়াও বিভিন্ন ভারী বস্তু (Heavy metal) যেমন- লেড, ক্যাডমিয়াম, ক্রোমিয়াম, নিকেল এবং আর্সেনিকের পরিমাণ নির্ণয়ের সুবিধা গবেষণাগার গুলোতে রয়েছে। উদ্ভিদ নমুনা গুলোতে বিভিন্ন রাসায়নিক উপাদান কী পরিমাণে আছে তা অত্র প্রতিষ্ঠানের গবেষণাগারে বিশ্লেষণের সুযোগ রয়েছে। এছাড়াও পানি ও উদ্ভিদ নমুনায় ক্ষতিকারক কোন রাসায়নিক উপাদানের উপস্থিতি বিশ্লেষণ করে লেড, ক্যাডমিয়াম, ক্রোমিয়াম, নিকেল এবং আর্সেনিকের মতো ভারী বস্তু (Heavy metal) আছে কিনা তা জানা যায়, যা কৃষি পরিবেশ সংক্রান্ত পলিসি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।